# নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৪। দ্বীন ইসলামের ব্যাপকতা (عموم دين الإسلام)

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

খ. ক্বিয়ামত পর্যন্ত ইসলাম অবশিষ্ট থাকবে (بقاء الإسلام إلى يوم القيامة)

ইসলাম ক্বিয়ামত পর্যন্ত অবশিষ্ট থাকবে। আল্লাহ তা‘আলা আল-কুরআন নাযিল করে তা সংরক্ষণের দায়িত্ব গ্রহণ করেছেন। ‘সাহায্যপ্রাপ্ত দল’-এর মাধ্যমে কুরআনের বিধান দুনিয়ায় ক্বায়েম হবে। এমনকি ক্বিয়ামত এসে যাবে, তবুও তারা বিজয়ী হয়েই থাকবে।

১। আল্লাহ তা‘আলা বলেন:

(إِنَّا نَحْنُ نَزَّلْنَا الذِّكْرَ وَإِنَّا لَهُ لَحَافِظُونَ (9)) ... [الحجر: 9]

‘নিশ্চয় আমরা কুরআন নাযিল করেছি, আর আমরাই তার হিফাযতকারী’ (সূরা আল-হিজর:৯)।

২। আল্লাহ তা‘আলা আরো বলেন:

(وَإِنَّهُ لَكِتَابٌ عَزِيزٌ (41) لَا يَأْتِيهِ الْبَاطِلُ مِنْ بَيْنِ يَدَيْهِ وَلَا مِنْ خَلْفِهِ تَنْزِيلٌمِنْ حَكِيمٍ حَمِيدٍ (42)) ... [فصلت: 41 – 42]

‘আর এটি নিশ্চয় এক সম্মানিত গ্রন্থ। (৪১) বাতিল এতে অনুপ্রবেশ করতে পারে না, না সামনে থেকে, না পেছন থেকে। এটি প্রজ্ঞাময়, প্রশংসিতের পক্ষ থেকে নাযিলকৃত’ (সূরা হা-মীম সাজদা: ৪১-৪২)।

وَعَنْ مُعَاوِيَةَ رَضِيَ اللهُ عَنْهُ قال: سَمِعْتُ رَسُولَ الله – صلى الله عليه وسلم – يَقُولُ: «لاَيَزَالُ طَائِفَةٌ مِنْ أُمّتِي قَائِمَةً بِأَمْرِ الله، لاَ يَضُرّهُمْ مَنْ خَذَلَهُمْ أَوْ خَالَفَهُمْ، حَتّىَ يَأْتِيَ أَمْرُ الله وَهُمْ ظَاهِرُونَ عَلَى النّاسِ». متفق عليه، أخرجه البخاري برقم (71) , ومسلم في كتاب الإمارة برقم (174) (1037)، واللفظ له

৩। মু‘আবিয়া (রা.) হতে বর্ণিত। তিনি বলেন: আমি রাসূল (ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কে বলতে শুনেছি, তিনি বলেন: আমার উম্মতের একটি দল সর্বদাই হক্বের উপর প্রতিষ্ঠিত থাকবে। তাদের সঙ্গ ত্যাগ করে বা বিরোধিতা করে কেউ তাদের কোন ক্ষতি সাধন করতে পারবে না। এমনকি এভাবে তাদের কাছে আল্লাহর আদেশ (ক্বিয়ামত) এসে পড়বে তারা বিজয়ী থাকা অবস্থায় (ছহীহ বুখারী: ৭১; ছহীহ মুসলিম, হা/১০৩৭)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9305

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন